

সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

তথ্যবিবরণী নম্বর-১৩৪

মার্চ মাসে অনুষ্ঠাতব্য বিভিন্ন জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে ময়মনসিংহ জেলা প্রশাসনের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ (বুধবার, ২৮ ফেব্রুয়ারি ২০২৪):

ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয়ে মার্চ মাসে অনুষ্ঠাতব্য বিভিন্ন জাতীয় দিবস উপলক্ষ্যে ময়মনসিংহ জেলা প্রশাসনের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। আজ বুধবার (২৮ ফেবুয়ারি) ময়মনসিংহ জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক ঐতিহাসিক ০৭ মার্চ ২০২৪, ১৭ মার্চ জাতির পিতা বঞ্চাবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদ্যাপনের প্রস্তুতি উপলক্ষ্যে এ সভা অনুষ্ঠিত হয়।

ময়মনসিংহের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ আরিফুল হক মৃদুল-এর সভাপতিত্ব অনুষ্ঠিত সভায় সরকারি ও বেসরকারি দপ্তরের কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধাগণসহ বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের অংশগ্রহণে দিবসসমূহ উদযাপনের প্রস্তুতির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। সভায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে দিবস উদযাপনের প্রস্তুতিতে বিভিন্ন পরামর্শ প্রদান করা হয়।

৭ মার্চের প্রস্তুতি নিয়ে সিদ্ধান্ত হয়, এদিন জেলার সকল সরকারি বেসরকারি, ব্যবসা ও শিক্ষা প্রতিষ্ঠান, বাসাবাড়িতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সার্কিট হাউজে স্থাপিত জাতির পিতার প্রতিকৃতিতে সকাল ০৭:৩০টায় পুষ্পস্তবক অর্পণ করা হবে। জেলা শিল্পকলা একাডেমিতে বিকাল ৪টায় আলোচনা সভা এবং সভার পর সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ করা হবে। শিশু একাডেমির পরিচালনায় ৭ মার্চের ভাষণ নিয়ে ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হবে।

১৭ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। রমজান মাস উপলক্ষ্যে এদিন সকাল ৯টায় সার্কিট হাউসে পুষ্পস্তবক অর্পনের পর সকাল ১০টায় জেলা শিল্পকলা একাডেমিতে আলোচনা সভা, শিশুতোষ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ আয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত হয়। এদিন জেলা সিভিল সার্জন অফিসের আয়োজনে স্বাস্থ্য, খাদ্য নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। হাসপাতাল ও কেন্দ্রীয় কারাগারে বিশেষ খাবার প্রদান করা হবে।

২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে ওইদিন রাত ১০:৩০ থেকে ১০:৩১ পর্যন্ত এক মিনিটের প্রতীকী ব্ল্যাকআউট পালন করা হবে। নিজ দায়িতে সবাই যেন এ কর্মসূচি পালন করে সেজন্য মাইকিং করে সবাইকে জানানো হবে। সকাল ১০টায় জেলা শিল্পকলা একাডেমিতে গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। জেলা তথ্য অফিসের উদ্যোগে গণহত্যা দিবস উপলক্ষ্যে নগরীর গুরুত্বপূর্ণ স্থানে ভিডিওচিত্র প্রদর্শন করা হবে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বীর মুক্তিযোদ্ধাগণকে আমন্ত্রণ জানানো হবে এবং তারা শিক্ষার্থীদের মধ্যে তাদের অভিজ্ঞতা বর্ণনা করবেন।

২৬ মার্চ সূর্যোদয়ের সাথে সাথে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ এর আনুষ্ঠানিকতা শুরু হবে। ময়মনসিংহ মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধে সূর্যোদয়ের পর পুস্পস্তবক অর্পণ করা হবে। সকাল ৮টায় ময়মনসিংহ স্টেডিয়ামে পতাকা উত্তোলন ও কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে। সকাল ১১টায় তারেক স্মৃতি অডিটরিয়ামে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে। এদিন ময়মনসিংহের বৈশাখীমঞ্চে চিত্রপ্রদর্শনী করা হবে। জেলার বিভিন্ন শিশু পরিবার, কারাগার ও হাসপাতালে বিশেষ খাবার প্রদান করা হবে।

দিবসসমূহে সুবিধাজনক সময়ে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে দোয়া ও বিশেষ মোনাজাত করা হবে। জেলার বিভিন্ন অংশে দিবসকে উপলক্ষ্য করে ডকুমেন্টারি, চলচ্চিত্র, আলোকচিত্র প্রদর্শন করা হবে। নগরীর সৌন্দর্যবর্ধনে আলোকসজ্জা করা হবে। সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালিত হবে।

সভায় অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের মধ্য থেকে জাতীয় পতাকা সঠিকভাবে এবং বাধ্যতামূলকভাবে যেন উত্তোলন করা হয়। প্রস্তুতিমূলক সভায় ময়মনসিংহ জেলা প্রশাসনের অধিক কার্যকর পদক্ষেপ কামনা করা হয়। প্রস্তুতিমূলক সভায় ময়মনসিংহ জেলা প্রশাসনের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মাহফুজুল আলম মাসুম, জেলা তথ্য অফিসের পরিচালক (রুটিন দায়িত্ব) শেখ মো. শহীদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধাণণ, জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক ও সুশীল সমাজ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।